

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা (প্রথম ভাষা)

ষষ্ঠ শ্রেণি

১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(প্রতিটি প্রশ্নের মান - ২)

- ১.১ 'ভাদুলি' ব্রত কখন উদয়াপিত হয় ?
- ১.২ সন্ধ্যায় হাটের চিত্রটি কেমন ?
- ১.৩ কোন্তিথিতে রাতবঙ্গের কৃষিজীবী সমাজের প্রাচীন উৎসব গো-বন্দনা, অলক্ষ্মী বিদায়, কাঁড়াখুটা, গোরুখুটা প্রভৃতি পালিত হয় ?
- ১.৪ 'কেমন যেন চেনা লাগে ব্যস্ত মধুর চলা'— কবি কার চলার কথা বলেছেন ?
- ১.৫ 'সে বাড়ির নিশানা হয়েছে আমগাছটি'— 'ফাঁকি' গল্পে গোপালবাবু কীভাবে তাঁর বাড়ির ঠিকানা জানাতেন ?
- ১.৬ 'তুমি যে কাজের লোক ভাই ! ওইটেই আসল'। কে, কাকে, কখন একথা বলেছিল ?

২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

(প্রতিটি প্রশ্নের মান - ৩)

- ২.১ 'হঠাতে একদিন ঘৰঘৰ করে পড়ে বৃষ্টি'— তখন কৃষকরা কীভাবে ব্যস্ত হয়ে পড়ে 'মরশুমের দিনে' রচনাংশ অনুসরণে লেখো।
- ২.২ 'শিশির-বিমল প্রভাতের ফল,
শত হাতে সহি পরখের ছল—
বিকালবেলায় বিকায় হেলায়
সহিয়া নীরব ব্যথা'।— উদ্বৃতাংশের তাঁপর্য বিশ্লেষণ করো।
- ২.৩ '.... এমন অভূতপূর্ব অবস্থায় আমায় পড়তে হবে ভাবিনি'।
— গল্পকথক কোন্ত অবস্থায় পড়েছিলেন ?
- ২.৪ 'বাঘ বাবা-মা বদলে নিলেন বাড়ি'— তাদের বাড়ি বদলাতে হয়েছিল কেন ?

৩. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

- | | |
|--|-------|
| ৩.১ শব্দজ্ঞাত, অনুসর্গগুলিকে বাংলায় কয়টি শ্রেণিতে ভাগ করা যায় এবং কী কী ? | ২ + ২ |
| ৩.২ উপসর্গের আরেক নাম 'আদ্যপ্রত্যয়' কেন ? | ২ |
| ৩.৩ 'ধাতুবিভক্তি' বলতে কী বোঝা ? | ২ |
| ৩.৪ শব্দযুগলের অর্থপার্থক্য দেখাও : আশা/আসা, সর্গ/স্বর্গ | ২ |
| ৩.৫ পদান্তর করো : জগৎ, জটিল | ২ |
| ৩.৬ অনধিক ১০০ শব্দে অনুচ্ছেদ রচনা করো : বাংলার উৎসব | ৫ |

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।